


জকসু নির্বাচন সামনে রেখে জবি ছাত্রদলের মাসব্যাপী কর্মসূচি

জবি প্রতিনিধি



জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচনকে সামনে রেখে শিক্ষার্থীদের একাডেমিক, সাংস্কৃতিক, পেশাগত ও সামাজিক উন্নয়নে ভূমিকা রাখার লক্ষ্যে মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল।

শুক্রবার (৩১ অক্টোবর) শাখা ছাত্রদলের আহ্বায়ক মেহেদী হাসান হিমেল ও সদস্যসচিব শামসুল আরেফিন স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ কর্মসূচির সূচি প্রকাশ করা হয়।

ঘোষিত সূচি অনুযায়ী, আগামী ২ নভেম্বর অনুষ্ঠিত হবে ফিটনেস স্ক্রিনিং ও ফিজিওথেরাপি

ক্যাম্প এবং ৪ নভেম্বর হবে ফ্রিল্যান্সিং ও ডিজিটাল মার্কেটিং: জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বিকল্প আয়ের উৎস শীর্ষক সেমিনার।

৬ নভেম্বর শুরু হবে ‘আমাদের ক্যাম্পাস আমরাই গড়ব’ শীর্ষক ক্যাম্পাস সৌন্দর্যবর্ধন ক্যাম্পেইন।

৯ নভেম্বর অনুষ্ঠিত হবে মেধাবী সংবর্ধনা, আর ১০ নভেম্বর আয়োজন করা হবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিকাশে গণমাধ্যমের দায়িত্বশীলতা শীর্ষক আলোচনা সভা।

১১ নভেম্বর শিক্ষার্থীদের বিদেশে উচ্চশিক্ষার সুযোগ ও প্রস্তুতি বিষয়ক সেমিনার, ১২ নভেম্বর স্তন ক্যান্সার সচেতনতা অনুষ্ঠান এবং ১৩ নভেম্বর রক্তদান কর্মসূচি অনুষ্ঠিত হবে।

এ ছাড়া ১৬ নভেম্বর ‘কেমন বিশ্ববিদ্যালয় চাই’ ক্যাম্পেইনের পুরস্কার বিতরণী, ১৭ নভেম্বর রম্য বিতর্ক প্রতিযোগিতা এবং ১৮ নভেম্বর চাকরি মেলা ও সিভি লেখা প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হবে।

২০ নভেম্বর ইনডোর ও আউটডোর গেমস প্রতিযোগিতা, ২৩ ও ২৪ নভেম্বর যথাক্রমে ইন্ডাস্ট্রি ৪.০ ও কৃত্রিম বুদ্ধিমত্তা এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ব্র্যান্ডিং শীর্ষক সেমিনার হবে।

এছাড়া ৪ নভেম্বর থেকে প্রতিদিন দুপুর ১২টায় ‘হঠাৎ কুইজ প্রতিযোগিতা’ চলবে মাসব্যাপী।

নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলের শিক্ষার্থীদের জন্য ছাত্রদল বিশেষ কর্মসূচিও ঘোষণা করেছে। এর মধ্যে রয়েছে—বুকসেলফ, বিসিএস ও ইসলামিক বই সরবরাহ, ফার্স্ট এইড বক্স, ফ্রিডম বেল্ট, ইনডোর গেমস আয়োজন, রম্য বিতর্ক ও কুইজ প্রতিযোগিতা, পর্দা ও পাইপ প্রদান, ডাস্টবিন ও জুতার তাক স্থাপন, যোগব্যায়াম ম্যাট ও পানি ফিল্টার সরবরাহ এবং বিশেষ বৃত্তি প্রদান।

এই কর্মসূচি সম্পর্কে জবি ছাত্রদলের আহ্বায়ক মেহেদী হাসান হিমেল বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদল সবসময় শিক্ষার্থীদের পাশে ছিল এবং থাকবে।

আমাদের এই কর্মসূচি শিক্ষার্থীদের কল্যাণের ধারাবাহিক অংশ।